

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ২৪টি প্রতিষ্ঠানকে ১.৪৮ লক্ষ টাকা জরিমানা**

২ আগস্ট ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের জেলা কার্যালয়ের ৬ জন কর্মকর্তার নেতৃত্বে নওগাঁ, ময়মনসিংহ, কুষ্টিয়া, খুলনা, কুমিল্লা ও গোপালগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

নওগাঁ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল মাসুমের নেতৃত্বে নওগাঁ সদর উপজেলায় ৭টি প্রতিষ্ঠানকে ১,০১,০০০/- (এক লক্ষ এক হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে ময়মনসিংহ সদর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহিনুর আলমের নেতৃত্বে খুলনার রূপসা উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার বরুড়া উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং গোপালগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে গোপালগঞ্জ সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১,১৩,৫০০/- (এক লক্ষ তের হাজার) টাকাসহ মোট ১,৪৩,৫০০/- (এক লক্ষ তেতাল্লিশ হাজার পাঁচশত) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পণ্যের মূল্যে তালিকা প্রদর্শন না করা, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ না করার অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অপরদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে মিলা রেস্টোরা এন্ড মিনি চাইনিজ, Emotions Restaurant & Music Cafe এবং Legend Cafe & Restaurant কে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

আজকের ৬টি বাজার তদারকি ও অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৪টি প্রতিষ্ঠানকে মোট ১,৪৮,৫০০/- (এক লক্ষ আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৩ জন অভিযোগকারীকে মং ১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, ক্যাব, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি ও মৎস্য কর্মকর্তা এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, নওগাঁ, ময়মনসিংহ, কুষ্টিয়া, খুলনা, কুমিল্লা ও গোপালগঞ্জ।
- ৭। পুলিশ সুপার, নওগাঁ, ময়মনসিংহ, কুষ্টিয়া, খুলনা, কুমিল্লা ও গোপালগঞ্জ।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।